

💵 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

উভয়পক্ষে হতাহতের সংখ্যা (قتلى الفريقين)

হোনায়েন যুদ্ধে মুসলিম পক্ষে শহীদের সংখ্যা ছিল ৪ এবং কাফের পক্ষে নিহতের সংখ্যা ছিল ৭২ (সীরাহ ছহীহাহ ২/৫০৩-০৪)। উক্ত ৪ জন ছিলেন, (১) কুরায়েশ-এর বনু হাশেম থেকে আয়মান বিন উবায়েদ ওরফে আয়মান বিন উদ্মে আয়মান (২) বনু আসাদ থেকে ইয়াযীদ বিন যাম'আহ (৩) আনছারগণের মধ্য থেকে বনু 'আজলান গোত্রের সুরাকাহ ইবনুল হারেছ (৪) আশ'আরীগণের মধ্য থেকে আবু 'আমের আল-আশ'আরী (ইবনু হিশাম ২/৪৫৯)। আহত মুসলিমদের মধ্যে আবুবকর, ওমর, ওছমান, আলী, আব্দুল্লাহ বিন আবু আওফা এবং খালেদ বিন অলীদ'।[1]

ফুটনোট

[1]. সীরাহ ছহীহাহ ২/৫০৩। মানছূরপুরী কাফের পক্ষে ৭১ জন নিহত ও মুসলিম পক্ষে ৬ জন শহীদ বলেছেন (রহমাতুল্লিল 'আলামীন ২/২০১)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5614

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন